

দুনীতির অভিযোগে শিক্ষামন্ত্রীর পিও মোতালেবকে অপসারণ

যায়যায়দিন রিপোর্ট

দুনীতির অভিযোগে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের প্যারসোনাল অফিসার (পিও) মোতালেব হোসেনকে সরিয়ে দেয়া হয়েছে। ডেইলি এক্সপ্ৰেশন ডটনেট নামের একটি অনলাইন ওয়েবসাইট দিয়েছে। সোমবার ড্রিং সঞ্চয় এক অফিস আদেশ জারি করা হয়েছে বলে শিক্ষামন্ত্রীর দপ্তরের একজন কর্মকর্তা নিশ্চিত করেছেন।

প্রসঙ্গত, বিভিন্ন মিডিয়ায় পিও মোতালেব ও পিওন মোহাম্মদ আলীর দুনীতির খবর প্রকাশ হয়েছে গতমাসে। নাম প্রকাশে অনিচ্ছুক এই কর্মকর্তা বলেন, এসব ঘটনার সূত্রে ১১ অক্টোবর মোহাম্মদ আলী বরখাস্ত হয়েছেন, প্রতারণা মামলাও হয়েছে তার নামে। এর বিপরীতে বরখাস্ত অর্ডার বাজিলের জন্য আলী হকিমিত করলেও আর চাকরি ফিরে পাবে না।

তিনি আরো বলেন, মোতালেবের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত ও মামলা হবে। প্রাথমিক শাস্তি হিসেবে মন্ত্রীর দপ্তর থেকে বদলি করা হয়েছে। সিডিকোটের সদস্য এসব লোকের কারণে ফেরেশতার মতো মন্ত্রীর দুর্নাম হচ্ছিল।

সরকারের দুটি সংস্থা মোতালেবের যাবতীয় সম্পদের খোঁজখবর নিয়ে রিপোর্ট দাখিল করেছে বলে তিনি জানান।